### ৩.১.১ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC)

বাংলাদেশে দুর্যোগঝুঁকি হ্রাসে ও জরুরি সাড়াদান ব্যবস্থাপনায় নীতি নির্দেশনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এর ধারা ৪, ৫ ও ৬-এ কাউন্সিলের গঠন, সভা এবং দায়িত্ব ও কার্যাবলি বর্ণিত আছে। উক্ত ধারাসমূহের আলোকে কাউন্সিলের গঠন, সভা ও কার্যাবলি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১ | প্রধানমন্ত্রী | সভাপতি |
| ২ | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ৫ | মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সদস্য |
| ৬ | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৮ | মন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৯ | মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ১০ | মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ১২ | মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৩ | মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| ১৪ | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ১৫ | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির সভাপতি | সদস্য |
| ১৬ | সেনাবাহিনী প্রধান | সদস্য |
| ১৭ | নৌবাহিনী প্রধান | সদস্য |
| ১৮ | বিমান বাহিনী প্রধান | সদস্য |
| ১৯ | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| ২০ | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| ২১ | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ২২ | সচিব, পানিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২৩ | সচিব, সেতু বিভাগ | সদস্য |
| ২৪ | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ২৫ | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ২৬ | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ২৭ | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ২৮ | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ২৯ | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | সদস্য |
| ৩০ | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩১ | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৩২ | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ৩৩ | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩৪ | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| ৩৫ | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ৩৬ | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ৩৭ | সচিব, তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৩৮ | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৩৯ | সচিব, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪০ | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৪১ | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৪২ | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৪৩ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৪৪ | মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ | সদস্য |
| ৪৫ | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সদস্য |
| ৪৬ | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ | সদস্য |

| | | |
|---|---|---|
| ৪৭ | মহাপরিচালক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন | সদস্য |
| ৪৮ | মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | সদস্য |
| ৪৯ | মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | সদস্য |
| ৫০ | মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | সদস্য |
| ৫১ | চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) | সদস্য |
| ৫২ | মন্ত্রিপরিষদ সচিব | সদস্য-সচিব |

- মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে মন্ত্রী না থাকলে উক্ত মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী কাউন্সিলের সদস্য হবেন।
- কাউন্সিল প্রয়োজনে অন্য যেকোনো ব্যক্তিকে কাউন্সিলের সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।
- সরকার প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কাউন্সিলের সদস্যসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করতে পারবে।

**কাউন্সিলের সভা**

(১) কাউন্সিলের সভা সভাপতি কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হবে;

(২) প্রতি বছর কাউন্সিলের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে;

(৩) অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কাউন্সিলের সভার কোরাম হবে;

(৪) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে কাউন্সিলের সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

**কাউন্সিলের দায়িত্ব ও কার্যাবলি**

(১) দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে নীতিমালা ও পরিকল্পনা-সংক্রান্ত কৌশলগত দিক-নির্দেশনা প্রদান;

(২) দুর্যোগ ব্যবস্থাপনা-বিষয়ক আইন, নীতিমালা ও পরিকল্পনার বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(৩) বিদ্যমান দুর্যোগঝুঁকি হ্রাস ও জরুরি সাড়াদান কার্যক্রম পদ্ধতি পর্যালোচনা এবং মূল্যায়নপূর্বক এর সংশোধন, পরিমার্জন বা পরিবর্তনের জন্য কৌশলগত দিক-নির্দেশনা প্রদান;

(৪) দুর্যোগ প্রস্তুতিমূলক কার্যক্রম মূল্যায়ন এবং এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, কমিটি ও ব্যক্তিবর্গকে কৌশলগত পরামর্শ প্রদান;

(৫) দুর্যোগ-পরবর্তী সাড়াদান ও পুনরুদ্ধার কার্যক্রম এবং এর পদ্ধতি ও প্রক্রিয়া উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, কমিটি ও ব্যক্তিবর্গকে কৌশলগত নির্দেশনা প্রদান;

(৬) দুর্যোগ মোকাবিলা বা পুনর্বাসন বিষয়ে গৃহীত সরকারি প্রকল্প বা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(৭) দুর্যোগসংক্রান্ত সকল বিষয়, কার্যাদি, নির্দেশনা, কর্মসূচি, আইন, বিধি, নীতিমালা, ইত্যাদি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার, কর্মশালা ইত্যাদি আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ব্যক্তিবর্গকে প্রয়োজনীয় নির্দেশনা বা পরামর্শ প্রদান;

(৮) দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২-এর উদ্দেশ্য পূরণকল্পে আনুষঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণ।